



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

প্রেস বিজ্ঞপ্তি: ব্যাপক উৎসাহ উদ্দীপনায় গ্রিসে বাংলা বর্ষবরণ উৎসব অনুষ্ঠিত

প্রবাসী বাংলাদেশিদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে ব্যাপক উৎসাহ উদ্দীপনায় গ্রিসে বাংলাদেশ দূতাবাসের আয়োজনে অনুষ্ঠিত হলো বাংলা বর্ষবরণ উৎসব ১৪৩০। দূতাবাসের উদ্যোগে ২৮ মে, রবিবার সাপ্তাহিক ছুটির দিনে এথেন্সের মনোমুগ্ধকর ভেকো গ্রোভ পার্কে বাংলা বর্ষবরণ উপলক্ষ্যে মঙ্গল শোভাযাত্রা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও বাংলাদেশি খাবার উৎসবের সাথে বৈশাখী মেলার আয়োজন করা হয়। এইদিন দুপুর থেকেই এথেন্স ও এর নিকটবর্তী শহরসমূহ থেকে আগত শতশত বাংলাদেশি সপরিবারে এই উৎসবে অংশগ্রহণ করেন। সেই সাথে গ্রিসে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিকরা অনুষ্ঠানটি বিশেষভাবে উপভোগ করেন। এছাড়া, গ্রিক সুশীল সমাজের সদস্য, বিভিন্ন পেশাজীবী ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যসহ বিপুল সংখ্যক গ্রিক নাগরিক ব্যাপক আগ্রহ নিয়ে বাংলা বর্ষবরণ উৎসবে অংশগ্রহণ করেন।

গ্রিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আসুদ আহমদ ও তার সহধর্মিণী মিসেস রেবেকা সুলতানা, দূতাবাসের কর্মকর্তা-কর্মচারিসহ সর্বস্তরের প্রবাসী বাংলাদেশিদের উপস্থিতিতে বেলা ২ ঘটিকায় বাংলা বর্ষবরণ উৎসবের উদ্বোধন করেন। এরপর, নতুন বছরে বর্ণিল সাজে সজ্জিত ব্যানার, ফেস্টুন, মুখোশ পড়ে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রার আয়োজন করা হয়। বাংলাদেশি পরিবার, নারী-পুরুষ, ছাত্র-ছাত্রী, শিশু-কিশোরসহ সর্বস্তরের বাংলাদেশিগণ এবং দূতাবাসের সদস্যরা বাংলাদেশের ঐতিহ্যবাহী লোকজ পোষাকে সজ্জিত হয়ে এতে অংশগ্রহণ করেন। এবারের বর্ষবরণ উৎসবের উল্লেখযোগ্য দিক ছিল চিরায়ত বাংলার ঐতিহ্য ও সংস্কৃতির অন্যতম অনুসঙ্গ টেকি ও পালকির উপস্থাপন, যা মেলায় আগত দেশি-বিদেশী দর্শনার্থীদের ব্যাপক প্রশংসা কুড়িয়েছে।

বাংলা বর্ষবরণ উপলক্ষ্যে লোকজ ও বৈশাখী পোষাকে সজ্জিত শত শত নারী-পুরুষ ও শিশুদের কলকাকলিতে মুখরিত হয় অনুষ্ঠানস্থল এবং সৃষ্টি হয় এক বর্ণিল মনোরম পরিবেশের। মেলায় আগমনকারীরা বিভিন্ন স্টল থেকে বাংলাদেশি পণ্য ক্রয় করেন এবং বাংলাদেশি খাবারের স্বাদ আনন্দন করেন। বৈশাখী আবহে স্টলসহ ভেকো গ্রোভ থিয়েটার ও তার আশেপাশের এলাকাটি হয়ে ওঠে এক টুকরো বাংলাদেশ। প্রবাসী বাংলাদেশিরা তাদের স্টলসমূহে বাংলাদেশি খাবার, মিষ্টান্ন, তৈজসপত্র, হস্তশিল্প, শাড়ী, মনোহরী দ্রব্য, অলংকার সামগ্রী এবং আল্পনা সহকারে বাংলাদেশকে ফুটিয়ে তোলেন। দূতাবাসের স্টলে গ্রিকসহ বিভিন্ন ভাষায় অনূদিত বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' ও বঙ্গবন্ধুর মহতী জীবন ও কর্মের উপর রচিত বিভিন্ন গ্রন্থের প্রদর্শন করা হয়।

'এসো হে বৈশাখ এসো এসো' গানটি সম্মিলিত কণ্ঠে পরিবেশনার মাধ্যমে এ বছর নতুন বছরকে বরণ করে নেন সকলে। মনোজ্ঞ বৈশাখী সাংস্কৃতিক অনুষ্ঠানে দূতাবাসের সদস্যবৃন্দ, গ্রিসের বাংলাদেশ দোয়েল সাংস্কৃতিক সংগঠনের শিল্পীবৃন্দ এবং শিশু-কিশোররা বৈশাখী ও লোকজ সংগীত, কবিতা, নৃত্য ইত্যাদি পরিবেশন করেন। এর আগে, বাংলাদেশের রাষ্ট্রদূত তাঁর স্বাগত বক্তব্যে বাংলা বর্ষবরণ উৎসবে আগত বিদেশী কূটনীতিক, গ্রিক এবং বাংলাদেশি অতিথিদেরকে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং আর্থ-সামাজিক উন্নয়ন সম্পর্কে অবহিত করেন। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ট নেতৃত্বে বাংলাদেশ উন্নত ও স্মার্ট দেশ হবার পথে এগিয়ে যাচ্ছে। তিনি প্রবাসীদের এই উন্নয়ন অগ্রযাত্রায় সক্রিয় ভাবে অংশগ্রহণের পাশাপাশি বাংলাদেশের কৃষ্টি কালচার বিদেশের মাটিতে তুলে ধরার আহ্বান জানান। বাংলা বর্ষবরণ উৎসবে যোগ দেয়ার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান।

দূতাবাস আয়োজিত এই বর্ষবরণ উৎসব প্রবাসী বাংলাদেশিদের জন্য বয়ে আনে আনন্দ, বন্ধন, সৌহার্দ্য আর সম্প্রীতি।



এথেন্স, ২৯ মে ২০২৩

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr